

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮১৪

করবুক, ২২ জুলাই, ২০২৪

**শিলাছড়া ব্লু শরণার্থী শিবির পরিদর্শনে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর ওএসডি**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর ওএসডি পবন যাদব আজ করবুক ব্লকের শিলাছড়া ব্লু শরণার্থী শিবির পরিদর্শন করেন। পরিদর্শনের সময় তাঁর সাথে ছিলেন ত্রিপুরা সরকারের রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে, গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা, করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস, করবুক ব্লকের বিডিও দিব্যেন্দু দাস সহ জেলা ও মহকুমাস্তরের বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। পরিদর্শনকালে ওএসডি পবন যাদব ব্লু ক্যাম্পে ব্লুদের নবনির্মিত বাসস্থান, পানীয়জলের ব্যবস্থা, রাস্তাঘাট, শৌচালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, হেলথ সাব সেন্টার ও বিদ্যালয় ঘুরে দেখেন। এছাড়া তিনি ব্লু শরণার্থীদের জন্য সরকার কর্তৃক গৃহীত আর্থিক সুবিধাগুলির ব্যাপারেও খোঁজখবর নেন। করবুক মহকুমার মহকুমা শাসক ব্লু শরণার্থীদের আর্থ সামাজিক উন্নয়নে বিভিন্ন দপ্তরের উদ্যোগে গৃহীত সুযোগ সুবিধাগুলি তুলে ধরেন।

\*\*\*\*\*